


বুয়েটে ভর্তি পরীক্ষায় প্রথম আদনান

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২২:০২, ১৯ মার্চ ২০২৪



আদনান আহমেদ তামিম

২০২৩-২৪ শিক্ষাবর্ষে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভর্তি পরীক্ষায় প্রথম হয়েছেন রাজধানীর নটর ডেম কলেজের শিক্ষার্থী আদনান আহমেদ তামিম।

মঙ্গলবার (১৯ মার্চ) বিকেলে বুয়েটে ভর্তি পরীক্ষার প্রকাশিত ফলাফল থেকে এ তথ্য জানা গেছে।

জানা গেছে, তামিম চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয় থেকে জিপিএ-৫ পেয়ে এসএসসিতে উত্তীর্ণ হন আদনান আহমেদ। এরপর রাজধানীর নটর ডেম কলেজ থেকে এইচএসসি পরীক্ষায়ও তিনি জিপিএ-৫ অর্জন করেন তিনি। এদিকে এবার বুয়েটে ভর্তি পরীক্ষায় দ্বিতীয় স্থান অর্জন করা হাবিবুল্লাহ খানও নটর ডেম কলেজের।

এদিকে বুয়েটের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি কমিটির সভাপতি ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. জীবন পোদ্দারের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে, লিখিত পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীর মধ্যে ১ হাজার ৩০৯ জন ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ও অপেক্ষমাণ তালিকায় স্থান পেয়েছেন। মেধাতালিকা ও পছন্দক্রম অনুসারে প্রার্থীদের বিভাগ বণ্টনও ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

‘ক’ গ্রুপের অন্তর্ভুক্ত প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ভর্তির জন্য ২৭ ও ২৮ মার্চ দলিলাদি মূল্যায়ন ও স্বাস্থ্য পরীক্ষা হবে। বুয়েটের পশ্চিম পলাশী ক্যাম্পাসের ইসিই ভবনের লেভেল-৮-এ ভর্তি অফিসে শিক্ষার্থীদের সকাল সাড়ে ৯টার মধ্যে উপস্থিত হতে হবে। ‘খ’ গ্রুপের অন্তর্ভুক্ত স্থাপত্য বিভাগে ভর্তির জন্য প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ২৭ মার্চ সকাল সাড়ে ৯টা থেকে বেলা ১১টার মধ্যে পশ্চিম পলাশী ক্যাম্পাসের ইসিই ভবনের লেভেল-৮-এর ভর্তি অফিসে হাজির হতে হবে।

প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা, ভর্তি ফি পরিশোধ এবং মূল সনদ জমা দিয়ে ভর্তি নিশ্চিত করতে বলা হয়েছে। নির্ধারিত দিনে উপস্থিত না হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

এর আগে গত ৯ মার্চ বুয়েটের চূড়ান্ত ভর্তি পরীক্ষা (মডিউল 'এ': গ্রুপ 'ক' এবং 'খ' উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন) সকাল ১০টা থেকে দুপুর ১২টা এবং (মডিউল বি: 'খ' গ্রুপ মুক্তহস্ত অঙ্কন এবং দৃষ্টিগত ও স্থানিক ধীশক্তি) দুপুর ২টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হয়।

বুয়েটে কেমিক্যাল অ্যান্ড ম্যাটেরিয়ালস কৌশল, পুরকৌশল, যন্ত্রকৌশল, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদসমূহের অধীনে ১৩টি বিভাগে পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতি গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য প্রকৌশল বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য তিনটি ও স্থাপত্য বিভাগে একটি সংরক্ষিত আসনসহ মোট ১ হাজার ৩০৯টি আসন বরাদ্দ রয়েছে।

এই আসনের বিপরীতে অংশ প্রাক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মোট ৬ হাজার ৭০৬ জন।

এস